

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (১ ১ হান্)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانَتِ الْكِلَابُ تُقْبِلُ وَتُدْبِرُ فِي الْمَسْجِدِ فِي زَمَانِ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَكُونُوا يَرُشُونَ شَيْئًا مِن ذَلِك. رَوَاهُ البُخَارِيّ

বাংলা

৫১৪-[২৫] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে মসজিদে (নাবাবীতে) কুকুর চলাচল করতো। অথচ সাহাবীগণ (কুকুর হাঁটার জায়গায়) কোন পানি ছিটাতেন না (ধুইতেন না)। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৭৪, আবূ দাউদ ৩৮২, সহীহ ইবনু হিব্বান ১৬৫৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে মসজিদে কুকুর যাতায়াত করতো। কুকুরের শরীর শুষ্ক থাকার কারণে মসজিদে পানি ছিটিয়ে দেয়া হতো না। আর ঐ সময়ে মসজিদে দরজা ছিল না। তবে ধৌত করলে দোষের কিছু হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন